

বৃত্ত

৩৬

NO. 18 2002

ছাত্র বিক্ষোভ : ফরিদপুর টিটিসি বন্ধ ঘোষণা

ফরিদপুর প্রতিনিধি

ফরিদপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের টিটিসি অধ্যক্ষের নানা অনিয়ম ও দুর্নীতির প্রতিবাদে ছাত্রছাত্রীদের বিক্ষোভের কারণে ক্যাম্পাসে উত্তপ্ত অবস্থা বিরাজ করছে। আন্দোলনে অংশ নেয়ার কারণে অধ্যক্ষ নিজেই আরিফুল ইসলাম নামে এক ছাত্রকে বেদম প্রহার করেছেন। এরই জের ধরে টিটিসি : পৃষ্ঠা : ১৫ কলাম : ৭

টিটিসি : ফরিদপুর

(শেষ পৃষ্ঠার পর)

টিটিসির কয়েক হাজার ছাত্র এখন রাজপথে। অধ্যক্ষের দুর্নীতির তদন্ত ও অপসারণ দাবি করে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি পেশ করেছে ছাত্রছাত্রীরা। এ পরিস্থিতিতে রোববার অধ্যক্ষ এক মাসের জন্য টিটিসি বন্ধ ঘোষণা করেছেন।

অভিযোগে বলা হয়েছে, ফরিদপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ জি সুলতানের নানা অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে দীর্ঘদিন ধরে ছাত্রছাত্রীরা আন্দোলন করে আসছিল। ছাত্রছাত্রীদের অভিযোগ- এ বছর টিটিসির প্রায় ৫০০ ছাত্রছাত্রীর বৃত্তির টাকা অক্টোবর মাসে এলেও কোন ছাত্রকে টাকা প্রদান করা হয়নি। এরই মধ্যে নবম শ্রেণীর (ডোকেশনাল) ছাত্রদের ফরম ফিলআপ শুরু হয়। অনেক গরিব ছাত্রছাত্রী ফরম ফিলআপের টাকা জোগাড় করতে না পেয়ে তাদের পাওনা বৃত্তির টাকা চেয়ে আবেদন করলেও কাউকে টাকা প্রদান করা হয়নি। এদিকে বৃহস্পতিবার ছাত্রছাত্রীরা ক্লাস বর্জন করে আন্দোলন করলে অধ্যক্ষ চতুর্থ শ্রেণীর কর্মচারীদের দিয়ে ডেকে এনে দশম শ্রেণীর রেডিও-টিভি ট্রেন্ডের ছাত্র আরিফুল ইসলামকে অধ্যক্ষের কক্ষে ডেকে নিয়ে বেদম প্রহার করেন। এ ঘটনায় টিটিসির ছাত্রছাত্রীরা প্রতিবাদে ফেটে পড়ে। শনিবার আবার ছাত্রছাত্রীরা ক্লাস বর্জনসহ নানা দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করে। পরে ছাত্রছাত্রীরা মিছিল সহকারে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি পেশ করে। এ পরিস্থিতিতে অধ্যক্ষ রোববার থেকে টিটিসিতে এক মাসের ছুটি ঘোষণা করেন। অপরদিকে অধ্যক্ষ জি সুলতান জানান, ছাত্রছাত্রীরা বেশি বাড়াবাড়ি করছে। আরিফকে প্রহার করেছে চতুর্থ শ্রেণীর কর্মচারীরা।